

২৭শে সেপ্টেম্বর, ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

করতোয়া নদীতে নৌকা ডুবিতে যাত্রীর মৃত্যুর ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট(ব্লাস্ট) এর গভীর উদ্বেগ প্রকাশ ও যথাযথ ক্ষতিপূরণ প্রদানের দাবী

বাংলাদেশের পঞ্চগড় বোদা উপজেলার করতোয়া নদীতে ভয়াবহ নৌকা ডুবিতে ৪১ জনের মৃত্যুর ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ জানাচ্ছে এবং ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ প্রদানের দাবী জানাচ্ছে। [গণমাধ্যমে প্রকাশিত সংবাদ](#) অনুযায়ী জানা যায়, এখনও অন্তত ৪০ জন নিখোঁজ রয়েছেন। জানা গেছে মহালয়া উপলক্ষে মারোয়া বাজারের আউলিয়া ঘাট থেকে ৮০ জন যাত্রী নিয়ে একটি নৌকা বরদেশ্বরী মন্দিরের দিকে যাচ্ছিল। অতিরিক্ত যাত্রী থাকায় প্রথম থেকে নৌকাটি দুর্লভে শুরু করে। মাঝি নৌকো ঘাটে ফেরানোর চেষ্টা করলেও তাতে বিশেষ লাভ হয়নি। কয়েকজন যাত্রী সাঁতরে তীরে আসতে পারলেও বাকিরা ডুবে যান বলে জানা গেছে।

ব্লাস্ট বিভিন্ন শ্রেণীর নৌযানের (এমবি, এমএল, ওটি, এমভি ইত্যাদি) জন্য পৃথক নীতিমালা প্রণয়ন করার দাবী জানাচ্ছে। পাশাপাশি ‘ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স ১৯৭৬’ এর সুষ্ঠু বাস্তবায়ন, নিয়মানুযায়ী নৌযানগুলো পরিচালনা নিমিত্তে তদারকির জন্য কার্যকর সরকারি আদেশ জারি, নৌ-ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য নৌ পুলিশ গঠন ও এলাকাভিত্তিক সুনির্দিষ্ট দায়িত্ব অর্পণ করা, যাত্রীবীমা বাধ্যতামূলক করার প্রতি নজর দেবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছে।

উল্লেখ্য, ব্লাস্ট এর পক্ষ হতে গত ২০০৮ সালে লঞ্চ দুর্ঘটনা বিষয়ে একটি জনস্বার্থ মামলা করা হয়(মামলা নং-৩৪৪/২০০৮) যেখানে আদালত ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের নির্দেশ দিয়েছেন। গত ৫ জুন ২০১৭ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ ব্লাস্ট কর্তৃক দায়েরকৃত বহুল আলোচিত লঞ্চ দুর্ঘটনায় নিহত ও নিখোঁজ হওয়া সংক্রান্ত মামলায় নিম্ন আদালতের রায় বহাল রাখেন। উচ্চ আদালতের এই নির্দেশের মাধ্যমে নিম্ন আদালতে দায়েরকৃত মামলায়(মামলা নং -৩৪৪/২০০৮) ১৭ কোটি ১১ লক্ষ ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত আদেশ কার্যকর করে সকল ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতিপূরণ পাওয়ার অধিকার নিশ্চিত করার দাবী জানাচ্ছি।

আরও তথ্যের জন্য
কমিউনিকেশন বিভাগ

ই মেইল : communication@blast.org.bd